



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
হাইড্রোকার্বন ইউনিট

১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০



## হাইড্রোকার্বন ইউনিটের চলমান কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ সাবেত আলী মহাপরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ	১৪-০১-২০২৬
সভার সময়	সকাল ১০:৩০ ঘটিকা
স্থান	কনফারেন্স রুম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং শুরুতেই নবযোগদানকৃত মহাপরিচালকের সাথে কর্মকর্তাদের পরিচিতি সম্পন্ন করা হয়। হাইড্রোকার্বন ইউনিটের সামগ্রিক কার্যক্রম অনুধাবন করার নিমিত্ত এবং প্রতিষ্ঠানটি Allocation of Business অনুযায়ী চলমান কার্যক্রম, সমস্যা ও প্রতিবন্ধকতা এবং তা সমাধানের সম্ভাব্য উপায় জানতে চাওয়া হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) (চলতি দায়িত্ব) হাইড্রোকার্বন ইউনিটের অনুমোদিত কার্যক্রম এবং চলমান বিভিন্ন কার্যক্রম সভায় উপস্থাপন করেন। হাইড্রোকার্বন ইউনিটের সার্বিক কার্যক্রম গতিশীল করার লক্ষ্যনিয়ন্ত্রণ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
------------	--------	-----------	----------------

<p>১. তেল ও গ্যাসের মজুত ও সম্ভাব্য উৎস নিরূপণ ও হালনাগাদকরণ</p>	<p>সভায় জানানো হয় যে, ১৫ জুন ২০০৮ সালে সরকার হাইড্রোকার্বন ইউনিটকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত করে, যার মূল লক্ষ্য ছিল জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কার্যক্রম সুচারুভাবে সম্পাদনের ক্ষেত্রে কারিগরি ও সহায়ক শক্তি (Consulting Arm) হিসেবে সহায়তা করা। অতঃপর ০১ জানুয়ারি ২০১৪ সাল হতে হাইড্রোকার্বন ইউনিট রাজস্ব বাজেটে পরিচালিত হচ্ছে। হাইড্রোকার্বন ইউনিটের অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে উল্লিখিত কার্যাবলির প্রথম কাজটি হচ্ছে "দেশের তেল ও গ্যাসের মজুত সম্ভাব্য উৎস নিরূপণ ও হালনাগাদকরণ।"</p> <p>সভায় জানানো হয় যে, রাজকীয় নরওয়ে সরকারের আর্থিক অনুদান এবং Norwegian Petroleum Directorate (NPD) এর কারিগরি সহায়তায় ০১টি প্রকল্পের মাধ্যমে হাইড্রোকার্বন ইউনিটের ১৯৯৯-২০১৩ পর্যন্ত সময়ে দেশের পেট্রোলিয়াম রিসোর্সের সমন্বিত প্রাক্কলন করে দেশের জ্বালানি খাতের জন্য সুস্পষ্ট দিকনির্দেশনা প্রস্তুত করা হয়। বিগত ১৫ বছরে এ ধরনের প্রকল্প আর গ্রহণ না করায় তেল গ্যাসের সমন্বিত প্রাক্কলন করা সম্ভব হয়নি। তবে পেট্রোবাংলার বিভিন্ন কোম্পানি আলাদা আলাদাভাবে নির্দিষ্ট গ্যাসফিল্ডের মূল্যায়ন করে, যেখানে দেশের গ্যাস রিসোর্সের সমন্বিত প্রকৃত চিত্র প্রতিফলিত হয় না। একটি দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকল্পে এ ধরনের কার্যক্রম ৩-৫ বছর অন্তর পরিচালনা করা যৌক্তিক; সে হিসাবে এ বিষয়ক প্রকল্প দ্রুত গ্রহণ করা প্রয়োজন।</p> <p>সভায় আরো বলা হয় যে, "বাংলাদেশের পেট্রোলিয়াম সম্পদের মূল্যায়ন ও টেকসই ব্যবস্থাপনা: জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে সমন্বিত কৌশল" শীর্ষক একটি কারিগরি প্রকল্প প্রস্তুত হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক প্রস্তুত করা হয়েছে, যা পরিকল্পনা কমিশনের ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সবুজ পাতাভুক্ত হয়েছে; বর্তমানে এটি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রকল্প যাচাই-বাছাই কমিটির সভায় চূড়ান্তকরণের জন্য অপেক্ষাধীন রয়েছে।</p>	<ul style="list-style-type: none"> <li>• প্রকল্পটি দ্রুত অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</li> <li>• এই প্রকল্প সংক্রান্ত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে চাহিত তথ্য দ্রুত প্রেরণের ব্যবস্থা করতে হবে।</li> </ul>	<p>পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) (চলতি দায়িত্ব) এবং সহকারী পরিচালক(পরিকল্পনা)</p>
<p>২. জ্বালানি সংক্রান্ত ডাটাবেজ এর হালনাগাদকরণ ও সম্প্রসারণ</p>	<p>সভায় জানানো হয় যে, হাইড্রোকার্বন ইউনিটের ২য় কাজ হিসেবে উল্লেখ আছে জ্বালানি সংক্রান্ত ডাটাবেজ এর হালনাগাদকরণ ও সম্প্রসারণ। এ বিষয়ে আলোচনায় জানানো হয় যে, হাইড্রোকার্বন ইউনিটের কাছে গ্যাস প্রডাকশন ডাটা ছাড়া অন্য কোনো ডাটার সরবরাহ নেই। আমাদের কাজ যেহেতু জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে টেকনিক্যাল পরামর্শ প্রদান করা সেহেতু একটি নির্দিষ্ট ফরম্যাট অনুসারে বিভিন্ন প্রতিষ্ঠান হতে ডাটা প্রাপ্তির বিষয়ে আলোচনা হয়। এছাড়া জ্বালানি খাতে তেল, গ্যাস অনুসন্ধান ও উৎপাদন সংক্রান্ত উন্নয়নমূলক কার্যক্রমের তথ্য/উপাত্ত হাইড্রোকার্বন ইউনিটকে সরবরাহ না করায় নীতি নির্ধারী মতামত প্রদানে সমস্যা হচ্ছে মর্মে জানানো হয়। সভায় মত প্রকাশ করা হয় যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা যেন তথ্য/উপাত্ত প্রদানে পূর্ণ সহযোগিতা প্রদান করে সে বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে সার্কুলার দেওয়া যেতে পারে।</p>	<ul style="list-style-type: none"> <li>• জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে এর আওতাধীন দপ্তর/সংস্থাকে তথ্য প্রেরণের জন্য পত্র জারির অনুরোধ জানাতে হবে।</li> <li>• EMRD Dashboard এ কোনো দপ্তর/সংস্থা নির্ধারিত সময়ের মধ্যে ডাটা ইনপুট না দিলে এবং প্রতিমাসে দেরিতে ইনপুট প্রদানকারী সংস্থার নাম প্রকাশ করতে হবে।</li> </ul>	<p>উপপরিচালক (অনুসন্ধান ও উৎপাদন)</p>

<p>৩. জ্বালানির অভ্যন্তরীণ ও আঞ্চলিক বাজার পর্যবেক্ষণ ও বিশ্লেষণ</p>	<p>সভায় জানানো হয় যে, হাইড্রোকার্বন ইউনিটের তৃতীয় গুরুত্বপূর্ণ কাজ হলো জ্বালানি সংক্রান্ত অভ্যন্তরীণ আঞ্চলিক বাজার পর্যবেক্ষণ ও বিশ্লেষণ। অভ্যন্তরীণ বাজার পর্যবেক্ষণের জন্য বিভিন্ন দপ্তর/সংস্থা যারা নিয়মিতভাবে জ্বালানি উৎপাদন, সংগ্রহ ও বিপণন করে থাকেন তাদের তথ্য নিয়মিতভাবে সংগ্রহ করা আবশ্যিক। কিন্তু অতীত অভিজ্ঞতায় দেখা গেছে যে, এসব তথ্য দিতে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার গরিমশির ফলে সময়মতো অভ্যন্তরীণ বাজার পর্যবেক্ষণ করে সরকারকে পরামর্শ প্রদান করা সম্ভব হয় না। এ ব্যাপারে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সহযোগিতা চাওয়া হয়। আঞ্চলিক বাজার পর্যবেক্ষণ পর্যালোচনার জন্য বিভিন্ন আন্তর্জাতিক (যেমন IEA) সংস্থার সদস্য পদ লাভের বিষয়ে আলোচনা হয়। এসব সংস্থার সদস্য হলে আন্তর্জাতিক জ্বালানি বাজারের তথ্য নিয়মিতভাবে পাওয়া সম্ভব হবে এবং সরকারকে সার্বিক বিষয়ে আন্তর্জাতিক বাজার বিশ্লেষণ করে পরামর্শ প্রদান করা যাবে মর্মে মতামত ব্যক্ত করা হয়।</p>	<ul style="list-style-type: none"> <li>• হাইড্রোকার্বন ইউনিটকে জ্বালানি খাতের যাবতীয় তথ্যের ভাণ্ডার হিসাবে প্রতিষ্ঠিত করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।</li> <li>• IEA এবং এ ধরনের আন্তর্জাতিক প্রতিষ্ঠানের মেম্বারশিপ গ্রহণের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।</li> <li>• বিভিন্ন দপ্তর/সংস্থার তথ্য দ্রুততম সময়ে হাইড্রোকার্বন ইউনিটে সরবরাহের বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।</li> </ul>	<p>পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) (চলতি দায়িত্ব)</p>
<p>৪. তৈল ও গ্যাসের অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদন, ডিপ্লেশন, পরিকল্পনা ও পর্যালোচনা।</p>	<p>সভায় উপস্থিত সদস্যগণ বলেন যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে তৈল গ্যাস অনুসন্ধান, উন্নয়ন, উৎপাদন, ডিপ্লেশন, পরিকল্পনা প্রণয়ন বিষয়ে কারিগরি পরামর্শ প্রদান করা হাইড্রোকার্বন ইউনিটের আরেকটি গুরুত্বপূর্ণ কাজ। সভায় আলোচনা করা হয় যে, এসব বিষয়ে পরিকল্পনা প্রণয়ন এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে পরামর্শ প্রদানের জন্য এক দিকে যেমন প্রচুর তথ্য উপাত্ত প্রয়োজন অপরদিকে এসব তথ্য উপাত্ত বিশ্লেষণ করে সঠিক পরামর্শ প্রদান করার জন্য হাইড্রোকার্বন ইউনিটের কর্মকর্তাগণের দেশে বিদেশে প্রশিক্ষণ গ্রহণ একান্ত প্রয়োজন।</p>	<ul style="list-style-type: none"> <li>• উল্লিখিত বিষয়ে দক্ষতা উন্নয়নের জন্য কর্মপরিকল্পনা তৈরি করতে হবে।</li> <li>• কর্মকর্তাগণের দক্ষতা উন্নয়নের জন্য বিদেশ প্রশিক্ষণের বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।</li> </ul>	<p>উপপরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) এবং উপপরিচালক (প্রশাসন ও আইসিটি)</p>


<p>৫. পেট্রোলিয়াম পরিশোধন, সংরক্ষণ ও বিপণন কার্যাদি পর্যালোচনা ও পরিবীক্ষণ।</p>	<p>উপপরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) সভায় বলেন যে, হাইড্রোকার্বন ইউনিটের আরেকটি গুরুত্বপূর্ণ কাজ হলো পেট্রোলিয়াম পরিশোধন, সংরক্ষণ ও বিপণন কার্যাদি পর্যালোচনা ও পরিবীক্ষণ করে পেট্রোলিয়ামজাত পদার্থের আমদানি, পরিশোধন ও বাজারজাতকরণের প্রক্রিয়া এবং বাৎসরিক চাহিদা নিরূপণ ও সংগ্রহ পদ্ধতি পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা। এ সকল কার্যক্রমের জন্য বিপিসি এবং এর কোম্পানিসমূহ হতে নিয়মিত তথ্য হালনাগাদ ও তথ্য/উপাত্তের প্রাপ্তি নিশ্চিত করা একান্ত আবশ্যিক। বাস্তব অভিজ্ঞতা লাভের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ ভিজিট করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p>	<p>সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ পর্যায়ক্রমে পরিদর্শন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপপরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) এবং উপপরিচালক (প্রশাসন ও আইসিটি)</p>
<p>৬. মাইনিং সংক্রান্ত প্রস্তাবের উপর মতামত প্রদানসহ পরামর্শ প্রদান</p>	<p>সভায় জানানো হয় যে, কয়লা ও কঠিন শিলা বিষয়ক মাইনিং সংক্রান্ত যে কোনো প্রস্তাবের উপর মতামত প্রদানসহ পরামর্শ প্রদান হাইড্রোকার্বন ইউনিটের একটি কাজ। এ কাজে সংশ্লিষ্ট কোম্পানিসমূহ হতে নিয়মিত হালনাগাদ তথ্য/উপাত্তের সরবরাহ থাকা একান্ত আবশ্যিক। সভায় আরও জানানো হয় যে, সম্প্রতি বাংলাদেশের কয়লা খাতের উন্নয়ন বিষয়ক সামগ্রিক পরিকল্পনা হাইড্রোকার্বন ইউনিটের পক্ষ থেকে প্রণয়ন করা হয়েছে, যা IEPMP 2023 হালনাগাদকরণ কার্যক্রমের অংশ হিসেবে পর্যালোচনা করা হচ্ছে। এছাড়াও বাংলাদেশ কয়লা নীতি ২০২৪ চূড়ান্তকরণের নিমিত্ত হাইড্রোকার্বন ইউনিট কারিগরি কমিটির মতামত সন্নিবেশিত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়।</p>	<ul style="list-style-type: none"> <li>• মাইনিং সংক্রান্ত কোনো প্রস্তাবের উপর জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে পরামর্শ চাওয়া হলে তা দ্রুত প্রেরণ করতে হবে।</li> <li>• কয়লা খনি ও পাথর খনি খুব শীঘ্রই পরিদর্শন করে প্রয়োজনীয় পরামর্শ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে প্রদান করতে হবে।</li> </ul>	<p>সহকারী পরিচালক (পরিকল্পনা)</p>
<p>৭. কয়লাসহ অন্যান্য খনিজ সম্পদ আহরণ ও উন্নয়নসহ পরিকল্পনা, ব্যবস্থাপনা, আইন-কানুন এবং নীতিমালা প্রভৃতি বিষয়ে সার্বিক সহায়তা প্রদান</p>	<p>সভায় জানানো হয় যে, হাইড্রোকার্বন ইউনিটের একটি কাজ হচ্ছে কয়লাসহ অন্যান্য খনিজ সম্পদ আহরণ ও উন্নয়নসহ পরিকল্পনা, ব্যবস্থাপনা, আইন-কানুন এবং নীতিমালা প্রভৃতি বিষয়ে সার্বিক সহায়তা প্রদান। হাইড্রোকার্বন ইউনিট কয়লা ও কঠিন শিলা বিষয়ক উন্নয়ন পরিকল্পনা এবং নীতিমালা সংক্রান্ত কার্যক্রমে জড়িত। সে লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত হয়ে দেশীয় কয়লাক্ষেত্রসমূহের বিদ্যমান স্টাডিগুলো পুনঃপর্যালোচনা করার লক্ষ্যে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন একটি পরামর্শক/প্রতিষ্ঠান নিয়োগে কর্মপরিধি (TOR) -এর খসড়া প্রণয়ন করার উদ্দেশ্যে বিগত ০১ জানুয়ারি ২০২৬ খ্রি. -এ অনুষ্ঠিত ১ম সভায় একটি সাব-কমিটি গঠন করেছে, যা স্বল্পতম সময়ে সম্পাদন করার উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোচনা হয়।</p>	<p>সাব-কমিটি কর্তৃক স্বল্পতম সময়ে কারিগরি বিনির্দেশ প্রস্তুত করতে হবে।</p>	<p>সহকারী পরিচালক (অপারেশন)</p>

<p>৮. জ্বালানি খাতের সংস্কার বিষয়ে সুপারিশকরণ এবং কার্যক্রমে অংশগ্রহণ</p>	<p>সভায় জানানো হয় যে, হাইড্রোকার্বন ইউনিটের কাজের মধ্যে অন্যতম একটি কাজ হচ্ছে জ্বালানি খাতের সংস্কার বিষয়ে সুপারিশকরণ এবং কার্যক্রমে অংশগ্রহণ। হাইড্রোকার্বন ইউনিট মন্ত্রণালয়ের নির্দেশনায় বিভিন্ন ব্যবসায়িক সংগঠনের প্রতিনিধি, অংশীজন ও খাত বিশেষজ্ঞের সমন্বয়ে শিল্পখাতে বিকল্প জ্বালানি হিসাবে এলপিগিজ ব্যবহার সংক্রান্ত খসড়া নীতিমালা প্রণয়ন করে ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করেছে এবং মন্ত্রণালয় হতে সমন্বিত এলপিগিজ নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।</p> <p>এছাড়া দেশে বিদ্যমান জীবাশ্ম জ্বালানির পাশাপাশি ভবিষ্যৎ জ্বালানি/বিকল্প জ্বালানির সম্ভাবনা, জ্বালানি দক্ষতা ও সংরক্ষণশীলতা বাস্তবায়নে পর্যাপ্ত গবেষণা ও প্রচার-প্রচারণার নিমিত্তে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গবেষক ও শিক্ষার্থীবৃন্দের সাথে নিয়মিত সভা/সেমিনার/ওয়ার্কশপ করলে প্রাপ্ত ইনপুট নিয়ে পরবর্তীতে জাতীয় পর্যায়ে সমন্বিত উদ্যোগ গ্রহণ করা সম্ভবপর হবে, যা পরবর্তীতে সামগ্রিকভাবে জাতীয় জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে সহায়ক ভূমিকা পালন করবে মর্মে সভায় সকলেই একমত পোষণ করেন।</p>	<p>বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীবৃন্দের সাথে নিয়মিত সভা/সেমিনার/ওয়ার্কশপ এর আয়োজন করতে হবে এবং বিকল্প জ্বালানি সংক্রান্ত করণীয় নির্ধারণে মন্ত্রণালয়কে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>সহকারী পরিচালক (অপারেশন) এবং সহকারী পরিচালক (অনুসন্ধান)</p>
<p>৯. বেসরকারি খাতের সহিত যোগাযোগ করাসহ আগ্রহী উদ্যোক্তাদের সহায়তা প্রদান;</p>	<p>সভায় জানানো হয় যে, হাইড্রোকার্বন ইউনিটের আরেকটি কাজ হচ্ছে বেসরকারি খাতের সহিত যোগাযোগ করাসহ আগ্রহী উদ্যোক্তাদের সহায়তা প্রদান। সভায় আলোচনা হয় যে, সমসাময়িক জ্বালানি বিষয়ক বিভিন্ন ইস্যু নিয়ে সংশ্লিষ্ট অংশীজন, খাত বিশেষজ্ঞ, গবেষক ও বেসরকারি খাতের প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে নিয়মিত সভা, Dissemination workshop/Seminar আয়োজন করা যেতে পারে, এতে ব্যবসায় বিদ্যমান চ্যালেঞ্জ, উত্তরণে করণীয় ও নতুন উদ্যোক্তা সৃষ্টিতে সরকারের ভূমিকা ইত্যাদি বিষয়ে মতামত পাওয়া যাবে যা মন্ত্রণালয়ের নীতি নির্ধারণে সহায়ক হতে পারে।</p>	<p>সমসাময়িক জ্বালানি বিষয়ক বিভিন্ন ইস্যু নিয়ে সংশ্লিষ্ট অংশীজন ও বেসরকারি খাতের প্রতিনিধিবৃন্দের সাথে নিয়মিত সভা, Dissemination workshop/Seminar আয়োজন করা হবে।</p>	<p>সহকারী পরিচালক (অপারেশন)</p>
<p>১০. আন্তর্জাতিক সহযোগিতা, চুক্তি সমঝোতায় অংশগ্রহণ।</p>	<p>সভায় জানানো হয় যে, হাইড্রোকার্বন ইউনিটের নির্ধারিত কার্যাবলির একটি কাজ হলো বিভিন্ন আন্তর্জাতিক সহযোগিতা, চুক্তি ও সমঝোতায় অংশগ্রহণ করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে কারিগরি মতামত প্রাদান করা। তবে এখন পর্যন্ত এ ধরনের কোনো কাজে হাইড্রোকার্বন ইউনিটের কোনো কর্মকর্তাকে অংশগ্রহণের আহ্বান জানানো হয়নি। প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির নিমিত্তে এ ধরনের আন্তর্জাতিক প্ল্যাটফর্মে এই ইউনিটের কর্মকর্তাদের অংশগ্রহণ একান্ত আবশ্যিক মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়।</p> <p>এছাড়া সভায় আরো জানানো হয় যে, পেট্রোবাংলা কর্তৃক সম্পাদিত PSC চুক্তির বিষয়ে হাইড্রোকার্বন ইউনিট যথাযথভাবে অবগত নয়। ইতোমধ্যে সম্পাদিত ও প্রস্তাবিত PSC চুক্তিসমূহের পূর্ণাঙ্গ কপি হাইড্রোকার্বন ইউনিটে প্রেরণ করা হয়নি। ফলশ্রুতিতে, এ সংক্রান্ত যথাযথ কারিগরি মতামত ও পর্যালোচনা মন্ত্রণালয়ে প্রেরণ করা সম্ভব হচ্ছে না মর্মে সভায় আলোকপাত করা হয়।</p>	<p>বিভিন্ন আন্তর্জাতিক সহযোগিতা, চুক্তি ও সমঝোতায় হাইড্রোকার্বন ইউনিট এর উপযুক্ত প্রতিনিধির অংশগ্রহণের বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করে অনুরোধ জানাতে হবে।</p>	<p>সহকারী পরিচালক (পিএসসি ও রিফর্মস)</p>

<p>১১. হাইড্রোকার্বন ইউনিটের বিদ্যমান কার্যাবলি রিভাইজ করে যৌক্তিক উপায়ে গুছানো এবং Smart Work Distribution তৈরি করার বিষয়ে আলোচনা করা হয়। সভায় ৩ সদস্যের একটি কমিটি গঠনপূর্বক দ্রুততম সময়ের মধ্যে রিপোর্ট প্রদান করার বিষয়ে আলোচনা হয়।</p>	<p>উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) জনাব মেহেদী হাসান, উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) জনাব শিহাব মাহমুদ এবং সহকারী পরিচালক (পরিকল্পনা) জনাব মোঃ নাজমুল হক'কে নিয়ে তিন সদস্যের কমিটি এ বিষয়ে কাজ করবে এবং প্রতিবেদন জমা দিবে।</p>	<p>১) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) জনাব মেহেদী হাসান, ২) উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) জনাব শিহাব মাহমুদ এবং ৩) সহকারী পরিচালক (পরিকল্পনা) জনাব মোঃ নাজমুল।</p>
<p>১২. নিয়োগবিধি মালা সংশোধন, অর্গানোগ্রাম সংশোধন এবং হাইড্রোকার্বন ইউনিটের নাম পরিবর্তন সংক্রান্ত</p>	<p>সভায় হাইড্রোকার্বন ইউনিটে নিয়োগবিধিমালায় চারটি অফিস সহায়ক পদ অন্তর্ভুক্তকরণসহ দ্রুত সময়ের মধ্যে গেজেট প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়াও হাইড্রোকার্বন ইউনিটের বিদ্যমান সাংগঠনিক কাঠামো (Organogram) সংশোধন এবং হাইড্রোকার্বন ইউনিটের নাম পরিবর্তন করে Energy Advisory Unit নামকরণ করার বিষয়ে আলোচনা করা হয়। উল্লিখিত বিষয়ে ২ সদস্যের একটি কমিটি গঠনপূর্বক দ্রুততম সময়ের মধ্যে রিপোর্ট প্রদান করার বিষয়ে সভায় আলোচনা হয়।</p>	<p>জনাব দেবব্রত দাস, উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি) এবং এস. এম. আব্দুল্লাহ আল-ফারুক, হিসাবরক্ষণ কর্মকর্তা এই ০২ (দুই) সদস্যের কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে প্রতিবেদন দিবে।</p>
<p>১৩. Research এর Piloting সংক্রান্ত</p>	<p>সভায় গত ২ বছরের সম্পাদিত ২টি Research এর Piloting করার বিষয়ে পরিপূর্ণ রোডম্যাপ তৈরি করার বিষয়ে আলোচনা করা হয়। উল্লিখিত বিষয়ে ৩ সদস্যের একটি কমিটি গঠনপূর্বক দ্রুততম সময়ের মধ্যে রিপোর্ট প্রদান করার বিষয়ে সভায় আলোচনা হয়।</p>	<p>১) পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) (চলতি দায়িত্ব) জনাব ড. অরুণ কুমার বিশ্বাস, ২) সহকারী পরিচালক (পরিকল্পনা) জনাব মোঃ নাজমুল হক এবং ৩) সহকারী পরিচালক (অনুসন্ধান) জনাব বদরুল আমীন খান এই তিন সদস্যের কমিটি রিপোর্ট প্রদান করবেন।</p>
<p>১৪. গবেষণা নীতিমালা সংক্রান্ত</p>	<p>সভায় জানানো হয় যে, হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক গবেষণা নীতিমালা প্রস্তুত করা হয়েছে। উক্ত (Research Guideline/Policy) টি অনুমোদন করার ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p>	<p>(Research Guideline/Policy) অনুমোদন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।</p>
<p>১৫. নতুন প্রজন্মকে Energy সংক্রান্ত বিষয়ে উদ্বুদ্ধকরণ</p>	<p>সভায় বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের সমন্বয়ে সেমিনার/কর্মশালা আয়োজন করে নতুন প্রজন্মকে Geology, Mining, Renewable Energy সংক্রান্ত বিষয়ে তরুণদের উদ্বুদ্ধ করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও বিভিন্ন স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সমন্বিত করে Energy Theme এর উপর ভিত্তি করে Science Fair/ Geological Fair /Idea Competition আয়োজন করার বিষয়েও আলোচনা করা হয়।</p>	<p>নতুন প্রজন্মকে Geology, Mining, Renewable Energy সংক্রান্ত বিষয়ে উদ্বুদ্ধকরণ এবং উপর ভিত্তি করে Science Fair/ Geological Fair /Idea Competition আয়োজন করতে হবে।</p>

১৬. বিবিধ	সভায় LPG খসড়া নীতিমালায় হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধি অন্তর্ভুক্তকরণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া সভায় কয়লা নীতিমালা (Coal Policy) প্রণয়নের বিষয়ে সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ এবং Coal Committee গঠন সংক্রান্ত বিষয়ে পেন্ডেংবাংলার সাথে যোগাযোগ স্থাপন করার বিষয়ে আলোচনা করা হয়।	<ul style="list-style-type: none"> <li>• LPG খসড়া নীতিমালায় হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধি অন্তর্ভুক্তকরণের জন্য পত্র প্রেরণ করতে হবে।</li> <li>• কয়লা নীতিমালা (Coal Policy) প্রণয়নের বিষয়ে সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করতে হবে।</li> <li>• Coal Committee গঠন সংক্রান্ত বিষয়ে পেন্ডেংবাংলার সাথে যোগাযোগ স্থাপন করতে হবে।</li> </ul>	সহকারী পরিচালক (অপারেশন) জনাব এম.আলাউদ্দিন আল আজাদ
-----------	--	--	--

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।




০৮-০২-২০২৬  
মোঃ সাবেত আলী  
মহাপরিচালক (যুগ্মসচিব)  
ফোন : ০২৪১০৩০৬৯৭  
ইমেইল : hcu@hcu.org.bd

তারিখ: ২৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ  
০৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ২৮.০৬.০০০০.০০০.০০০.১৮.০০০৩.১৮.২৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ( সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) (চলতি দায়িত্ব), হাইড্রোকার্বন ইউনিট।
- ৩। উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট।
- ৪। উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট।
- ৫। উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি), হাইড্রোকার্বন ইউনিট।
- ৬। সহকারী পরিচালক (পরিকল্পনা), হাইড্রোকার্বন ইউনিট।
- ৭। সহকারী পরিচালক (অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট।
- ৮। সহকারী পরিচালক (অনুসন্ধান), হাইড্রোকার্বন ইউনিট।
- ৯। সহকারী পরিচালক (রিফর্মস/পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, হাইড্রোকার্বন ইউনিট।
- ১১। কম্পিউটার অপারেটর (সকল), হাইড্রোকার্বন ইউনিট এবং
- ১২। অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট।



০৮-০২-২০২৬  
মোঃ সাবেত আলী  
মহাপরিচালক (যুগ্মসচিব)